# চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

ডাকঘর ও থানা ঃ বায়েজিদ বোস্তামি, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম-৪২১০

## নিয়োগ বিজ্ঞপ্তি

এ প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত পদে প্রতিষ্ঠানের প্রচলিত বিধি অনুযায়ী শিক্ষক (স্থায়ী) ও কর্মচারী (চুক্তিভিত্তিক) নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্র/নং | পদের নাম ও সংখ্যা | যোগ্যতা ও অভিজ্ঞতা | সর্বোচ্চ বয়সসীমা | বেতনক্রম (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুসারে) |
|---|---|---|---|---|
| ০১। | প্রভাষক (মার্কেটিং) ০১ জন | ১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রিসহ ২য় শ্রেণি/সমমানের জিপিএ'র স্নাতকোত্তর ডিগ্রি ***অথবা***<br>২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির সমমানের জিপিএ' স্নাতক (সম্মান) ডিগ্রি<br>৩) সম্মান শাখায় নিয়োগের ক্ষেত্রে এমবিএ ***অথবা*** সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>(শিক্ষাজীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না)। | ৩২ বছর<br>(বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪১ বছর পর্যন্ত শিথিলযোগ্য)<br>এমপিওভুক্ত শিক্ষকদের ক্ষেত্রে পূর্ববর্তী কলেজের এমপিও অত্র কলেজের অনুকূলে স্থানান্তর করা হলে কেবল অভিজ্ঞতা গণনা করা হবে। | ৯ম গ্রেড |
| ০২। | সহকারী শিক্ষক (আইসিটি) ০১ জন | ১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/ সমমান। ***অথবা*** বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন কম্পিউটার সাইন্স ডিগ্রি ***অথবা***<br>২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ৬ মাসের কম্পিউার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।<br>(শিক্ষাজীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না)। | ৩২ বছর<br>(বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য)<br>এমপিওভুক্ত শিক্ষকদের ক্ষেত্রে পূর্ববর্তী স্কুলের এমপিও অত্র স্কুলের অনুকূলে স্থানান্তর করা হলে কেবল অভিজ্ঞতা গণনা করা হবে। | ১০ম গ্রেড |
| ০৩। | বাস ড্রাইভার- ০১ জন (চুক্তিভিত্তিক) | এসএসসি পাশ (অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগতযোগ্যতা শিথিল করা যেতে পারে)। ড্রাইভিং লাইসেন্স (হেভি) থাকতে হবে। পাঁচ বছরের হেভি গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতা ও মেডিকেল ফিটনেস থাকতে হবে। | ৩৫ বছর (সামরিক বাহিনীর অবসর প্রাপ্তদের ক্ষেত্রে শিথিলযোগ্য) | বেতন সর্বসাকুল্যে ২২,০০০/- |
| ০৪। | বাস হেলপার- ০১ জন (চুক্তিভিত্তিক) | এসএসসি পাশ। ২য়/সমমানের জিপিএ থাকতে হবে। (অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে) | ৩২ বছর | বেতন সর্বসাকুল্যে ১৬,০০০/- |
| ০৫। | নিরাপত্তা প্রহরী- ০১ জন (চুক্তিভিত্তিক) | এসএসসি পাশ। ২য়/সমমানের জিপিএ থাকতে হবে। (অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। নুন্যতম ৫'-৬" উচ্চতা এবং ওজন ১১০ পাউন্ড থাকতে হবে)। | ৩২ বছর | বেতন সর্বসাকুল্যে ১৬,০০০/- |
| ০৬। | মালী-০১ জন (চুক্তিভিত্তিক) | ৮ম শ্রেণি/জেএসসি উত্তীর্ণ (সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। | ৩২ বছর | বেতন সর্বসাকুল্যে ১৬,০০০/- |

**নিয়মাবলি :**

❖ উল্লিখিত পদগুলো এমপিওভুক্তির যোগ্য নহে, তবে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদেরকে ১০০% মূল বেতন/ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে।

❖ আগ্রহী প্রার্থীগণকে আগামী **২৩ অক্টোবর ২০২৫** তারিখের মধ্যে আবেদনপত্রের সাথে সভাপতি, পরিচালনা পর্ষদ, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ এর অনুকূলে সোনালী ব্যাংক/ ট্রাস্ট ব্যাংক লি: থেকে ৫০০ টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ জীবনবৃত্তান্ত, পাসপোর্ট আকারের সাম্প্রতিক সময়ের ২ কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি **অধ্যক্ষ, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, বায়েজিদ, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম-৪২১০** এ ঠিকানায় জমা দিতে হবে।

❖ 25**-অক্টোবর ২০২৫ তারিখ সকাল ০৯০০ ঘটিকায়** লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং মৌখিক ও ডেমোনেস্ট্রেশন পরীক্ষার তারিখ পরে জানানো হবে।

❖ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার TA/DA প্রদান করা হবে না।

❖ চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। যথানিয়মে আবেদন না করলে যে কোন আবেদন বাতিল করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

❖ প্রতিষ্ঠানের নির্দেশে নিয়োগযোগ্য শিক্ষকদের যে কোন শ্রেণিতে পাঠদান করতে হবে।

**অন্যান্য সুবিধাদি:**

❖ প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী মূল বেতন, বাড়িভাড়া, চিকিৎসা ভাতা, শিক্ষা সহায়ক ভাতা, উৎসাহ ভাতা, নববর্ষ ভাতা, উৎসব ভাতাসহ অন্যান্য ভাতাদি এবং গ্রাচুইটি ও প্রভিডেন্ট ফান্ড সুবিধা প্রদান করা হবে। ইহা চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্তদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

❖ এ প্রতিষ্ঠান জাতীয় শিক্ষা সপ্তাহ- ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২৩ ও ২০২৪ এ বিভাগীয় পর্যায়ে পর পর ছয়বার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয়

❖ । এ প্রতিষ্ঠানে রয়েছে আকর্ষণীয় কর্ম পরিবেশ। এ প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আবাসন সুবিধা রয়েছে।

অধ্যক্ষ